



জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ডিসেম্বর/২০২০ মাসের সভার কার্যবিবরণীঃ


আহ্বায়কঃ মো: শরীফুল ইসলাম
জেলা প্রশাসক, জয়পুরহাট
সভার তারিখঃ ২২/১২/২০২০ খ্রি.
সভার সময়ঃ বিকাল ০৪.০০ টা
সভার স্থানঃ জেলা প্রশাসকের অফিস কক্ষ
উপস্থিতিঃ পরিশিষ্ট “ক”

আহ্বায়ক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে জেলা নৈতিকতা কমিটির গত নভেম্বর/২০২০ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নকল্পে নৈতিকতা কমিটির কর্মপরিকল্পনা সম্পর্কে বিস্তারিত আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১.	জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট-এ শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে প্রতিবন্ধকতা দূরীকরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	১) প্রদত্ত সেবা সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে শাখাভিত্তিক সিটিজেন চার্টার অনুসরণ করতে হবে।	১) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জয়পুরহাট ২) ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল) জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
০২.	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও সিটিজেন চার্টার অনলাইনে এবং ওয়েবসাইটে প্রকাশ করার পাশাপাশি মন্ত্রণালয়ের নির্দেশনানুযায়ী নিয়মিত হালনাগাদ করার উপর গুরুত্বারোপ করা হয়।	১) সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার জেলা প্রশাসকের কার্যালয় জয়পুরহাট
০৩.	কর্মকর্তা/কর্মচারীদের যথাসময়ে অফিসে আসার বিষয়ে সভায় বিশদ আলোচনা হয়। সকল কর্মকর্তা কর্মচারীকে যথাসময়ে অফিসে উপস্থিত হওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	১) যথাসময়ে অফিসে উপস্থিতি নিশ্চিত করতে হবে।	১) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জয়পুরহাট
০৪	এ কার্যালয়ের সকল কার্যক্রম যেমন নথি ব্যবস্থাপনা, টেন্ডার/দরপত্র আহ্বান, বিজ্ঞপ্তি প্রকাশ ইত্যাদি কার্যক্রম ই-নথির মাধ্যমে সম্পন্ন ও তা ওয়েবসাইটে নিয়মিত প্রকাশ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	১) অফিসের সকল কার্যক্রম ই-নথির মাধ্যমে সম্পন্ন এবং তা নিয়মিত ওয়েবসাইটে প্রকাশ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	সকল শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তা জেলা প্রশাসকের কার্যালয় জয়পুরহাট
০৫	জনসাধারণকে সেবা প্রদানের কার্যক্রমকে আরও গতিশীল ও সহজীকরণের লক্ষ্যে ইনোভেশন টিমকে কার্যকর ভূমিকা রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	১) জনসাধারণকে সেবা প্রদানের কার্যক্রমকে গতিশীল ও সহজীকরণের লক্ষ্যে ইনোভেশন টিমকে আগামী সভার পূর্বে প্রয়োজনীয় সুপারিশসহ প্রতিবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা ইনোভেশন টিম, জয়পুরহাট
০৬.	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি কর্তৃক প্রতি ০৩ মাস অন্তর শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত	১) যথাসময়ে প্রতিবেদন প্রেরণের নিশ্চিত করতে হবে।	সদস্য-সচিব নৈতিকতা কমিটি

তদারকি ও প্রেরণ নিশ্চিতকরণের নির্দেশনা প্রদান করা হয়।		
---	--	--

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মো: শরীফুল ইসলাম)

জেলা প্রশাসক

ও

আহ্বায়ক

জেলা নৈতিকতা কমিটি

জয়পুরহাট

ফোন: (+৮৮)০৫৭১-৬২২০৮
dcjoypurhat@mopa.gov.bd




পত্র নং-০৫.৪৩.৩৮০০.০০৬.০৪.১০৪.১৭-

২৫৫২

তারিখঃ ২৩/১২/২০২০ খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০২। উপসচিব, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট।
- ০৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা,জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট।
- ০৬। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট।
- ০৭। জনাব
- ০৮। অফিস কপি।



(মোঃ মোনাববর হোসেন)
নেজারত ডেপুটি কালেক্টর
জয়পুরহাট
ও
সদস্য সচিব
জেলা নৈতিকতা কমিটি
জয়পুরহাট
ফোন: (+৮৮)০৫৭১-৬২২৭০